২১

দৈনিক বাংলা
তারিখ 07 MAY 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

# আজ বুয়েটের সমাবর্তন

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশপ্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন আগামীকাল শনিবার বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে। এই সমাবর্তনে সভাপতিত্ব করবেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। অনুষ্ঠানে ভাষণ দেবেন ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ শাজাহান ও সমাবর্তন বক্তা অধ্যাপক মুহাম্মদ ইউনুস।

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## আজ বুয়েটের

(প্রথম পাতার পর)

সমাবর্তন অনুষ্ঠান পরিচালনার জন্য পুরকৌশল বিভাগের অধ্যাপক সোহরাব উদ্দিনকে সভাপতি ও পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আসাদ উদ্দিন খানকে সদস্য সচিব করে একটি স্টিয়ারিং কমিটি ইতিপূর্বে গঠিত হয়েছে। এবার এই সমাবর্তনে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে ডিগ্রীপ্রাপ্ত মোট ৬২৯ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৫০৬ জনকে আনুষ্ঠানিকভাবে সনদপত্র দেয়া হবে। তাদের মধ্যে আছেন ৪৬৬ জন স্নাতক এবং একজন পিএইচডিসহ ৪০ জন স্নাতকোত্তর ডিগ্রীপ্রাপ্ত। সমাবর্তনে ২০ জনকে স্বর্ণপদক দেয়া হবে। এই সমাবর্তনের পর প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে এ পর্যন্ত উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী মূল সনদপত্র লাভ করবেন। ১৯৬২ সালে প্রতিষ্ঠার পর এ পর্যন্ত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে সর্বমোট ১০,২০৩ জন ছাত্র-ছাত্রী স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। এই বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন ১৯৭৩ সালের ২০ মার্চ, দ্বিতীয় সমাবর্তন ১৯৭৬ সালের ১২ নবেম্বর ও তৃতীয় সমাবর্তন ১৯৯২ সালের ২৯ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখন থেকে নিয়মিতভাবে সমাবর্তন অনুষ্ঠান করার সিদ্ধান্ত নিয়েছেন।